



সীতাকুণ্ড থানায় পুলিশ সদস্যকে মারধর, যুবদল নেতা আটক



ছবি: সংগৃহীত

চট্টগ্রামের সীতাকুণ্ড মডেল থানা চত্বরে মোটরসাইকেল রাখা নিয়ে পুলিশের এক সদস্যের সঙ্গে উত্তর জেলা যুবদলের সহসভাপতি মো. ইসমাইল হোসেনের বিরোধের ঘটনা ঘটেছে। একপর্যায়ে মো. শফিক নামের ওই কনস্টেবলকে মারধরের অভিযোগ উঠেছে ইসমাইলের বিরুদ্ধে। পরে তাকে আটক করে পুলিশ।

হুস্পতিবার (১ অক্টোবর) রাত ৯টার দিকে থানার গেট এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ জানায়, সেখানে মোটরসাইকেল রাখাকে কেন্দ্র করে দায়িত্বে থাকা কনস্টেবল শফিকের সঙ্গে ইসমাইলের কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে শফিককে মারধর করা হলে তিনি আহত হন। পরে তাকে সীতাকুণ্ড উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হয়।

এ ঘটনার বিষয়ে বিএনপি ও যুবদলের নেতাকর্মীদের বক্তব্য, সামান্য কথা-কাটাকাটি থেকেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে মারধরের ঘটনা ঘটেছে। এ বিষয়ে বক্তব্য জানতে উপজেলা বিএনপির সদস্যসচিবসহ কয়েকজন নেতার সঙ্গে মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তাদের পাওয়া যায়নি।

সীতাকুণ্ড মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মহিনুল ইসলাম বলেন, থানার গেটে গাড়ি রাখা নিয়ে কনস্টেবল শফিকের সঙ্গে ইসমাইলের বাগবিতণ্ডা হয়। পরে তাকে মারধর করা হয়েছে। ঘটনায় ইসমাইল হোসেনকে আটক করা হয়েছে এবং তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।